দৈনিক সংবাদ

তারিখ ... 29 MAR 1990 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

60

# অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বিভিন্ন রাজনৈতিক দল ও ছাত্র সংগঠন অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দিয়ে শিক্ষা পরিবেশ পরিষদকে পুনরুজ্জীবিত করার ও রমজান মাসে ক্লাস চালু রাখার দাবী জানিয়েছে।

## কেন্দ্রীয় ৫ দল

কেন্দ্রীয় ৫ দলের সভায় অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দিয়ে শিক্ষার পরিবেশ পরিষদকে পুনরুজ্জীবিত করা এবং সন্ত্রাস প্রতিরোধের লক্ষ্যে ছাত্র-শিক্ষক-কর্মচারীদের যৌথ উদ্যোগ গ্রহণের আহ্বান জানানো হয়।

আ, ফ, ম মাহবুবুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নির্মল সেন, খালেকুজ্জামান, রাশেদ খান মেনন, হাসানুল হক ইনু, মাইনুদ্দিন খান বাদল প্রমুখ নেতা উপস্থিত ছিলেন।

## ৯টি ছাত্র সংগঠন

৯টি ছাত্র সংগঠন দ্রুত বিশ্ববিদ্যালয় খুলে দিয়ে রমজান মাসে ক্লাশ চালু রাখার দাবী জানিয়েছে। ও বুধবার ডাকসু ভবনে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে এই দাবী জানানো হয়। সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা ও সন্ত্রাস রোধকল্পে বিশ্ববিদ্যালয় পরিবারের সকলের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে খোলামেলা আলোচনার জন্য শিগগিরই ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার পরিবেশ পরিষদকে কার্যকর ও সচল করার জন্য কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন নাজমুল হক প্রধান।

সাংবাদিক সম্মেলনে অবিলম্বে পক্ষপাতহীনভাবে সকল সন্ত্রাসী ঘটনার বিচার ও তদন্ত কমিটিসমূহের রিপোর্ট প্রকাশ করার দাবী এবং সেই সাথে সংশ্লিষ্ট ছাত্র সংগঠনসমূহের প্রতি অস্ত্রবাজ ও সন্ত্রাসকারীদের বহিষ্কার ও প্রশ্রয় না দেয়ার আহ্বান জানানো হয়। নেতৃবৃন্দ অবিলম্বে সিনেট কার্যকর করারও দাবী জানান।

## ছাত্র ফেডারেশন

বাংলাদেশ ছাত্র ফেডারেশন আয়োজিত অপর এক সাংবাদিক সম্মেলনে শিগগির বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানানো হয়েছে।

ডাকসু ভবনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে সংগঠনের সভাপতি ফয়জুল হাকিম লিখিত বক্তব্য পাঠ করেন।

## ছাত্র ইউনিয়ন

বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সভাপতি মোস্তাফিজুর রহমান বাবুল ও সাধারণ সম্পাদক নাসির-উদ-দৃজা গতকাল এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয় পরিবারের সকলের নিরাপত্তা নিশ্চিত করে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়েছেন।